

## বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট

সাভার, ঢাকা- ১৩৪১

বিষয়ঃ সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২১-২০২২ অনুযায়ী বিএলআরআই কর্তৃক গৃহীত কার্যক্রমের এপ্রিল'২২ হতে জুন'২২ প্রান্তিকের ত্রৈমাসিক হালনাগাদ প্রতিবেদন

### ১.১] সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়নঃ

গত ২৪/০৫/২০২২খ্রিঃ তারিখ অনুষ্ঠিত সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ ও তার অগ্রগতি প্রতিবেদন-

ক্রমিক নং	সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি
০১	আঞ্চলিক কেন্দ্রসমূহ হতে প্রাপ্ত খসড়া সিটিজেন চার্টারসমূহ প্রয়োজনীয় সংশোধন সম্পাদন করে একটি অভিন্ন ফরম্যাটে প্রণয়ন ও পরবর্তী সভায় উপস্থাপনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	বাস্তবায়িত
০২	ইনস্টিটিউটের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার)-এ উল্লেখিত বিভিন্ন সেবা হতে 'স্বল্পমূল্যে' শব্দটি বাদ দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	বাস্তবায়িত
০৩	উন্নত জাতের দেশি মুরগি এবং বিএলআরআই উদ্ভাবিত মুরগির বাচ্চা ও হ্যাচিং ডিম বিতরণ সেবাটির পরিবর্তে 'উন্নত জাতের দেশি মুরগি, বিএলআরআই উদ্ভাবিত মুরগি, হাঁস এবং কোয়েলের বাচ্চা ও হ্যাচিং ডিম বিতরণ' সেবাটি সংযুক্ত করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	বাস্তবায়িত
০৪	বিভিন্ন সেবার দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার নাম সংশোধনপূর্বক সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) হালনাগাদ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	বাস্তবায়িত
০৫	জুন মাসের প্রথম সপ্তাহে এপিএ অনুসারে ইনস্টিটিউট কর্তৃক প্রদত্ত নাগরিক সেবাসমূহ নিয়ে একটি গণশুনানী আয়োজনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	বাস্তবায়িত
০৬	জুন মাসের তৃতীয় সপ্তাহের মধ্যে সেবা প্রদান বিষয়ে অংশীজনদের সমন্বয়ে একটি অবহিতকরণ সভা আয়োজনের উদ্যোগ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	বাস্তবায়িত

প্রমাণক হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার); গণশুনানী আয়োজনের পত্র এবং অংশীজনদের সমন্বয়ে অনুষ্ঠিত সভার পত্র ও উপস্থিতি তালিকা সংযুক্ত করে প্রেরণ করা হলো।

### ১.২] সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকরণ

গত ২৪/০৫/২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ইনস্টিটিউটের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে এবং গত ১৬/০৬/২০২২ খ্রিঃ তারিখে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের অংশীজনদের সমন্বয়ে অনুষ্ঠিত সেবা প্রদান বিষয়ে অবহিতকরণ সভার সিদ্ধান্তের আলোকে মোতাবেক বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট (বিএলআরআই)-এর বিদ্যমান সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) সংশোধন ও হালনাগাদ করা হয়েছে। গত ৩০/০৬/২০২২ খ্রিঃ তারিখে হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার)-টি ইনস্টিটিউটের ওয়েবসাইটে আপলোড করা হয়।

প্রমাণক হিসেবে হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) ও ওয়েবসাইটে আপলোডের স্ক্রিনশট সংযুক্ত করে প্রেরণ করা হলো।





**[২.১] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ আয়োজনঃ**


সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট (বিএলআরআই)-এর ৩০ (ত্রিশ) জন কর্মচারীর অংশগ্রহণে গত ২৪/০৪/২০২২ খ্রিঃ এবং ৩০ (ত্রিশ) জন কর্মকর্তার অংশগ্রহণে গত ০৫/০৬/২০২২ খ্রিঃ তারিখে দুইটি পৃথক প্রশিক্ষণ ইনস্টিটিউটের ট্রেনিং ডরমেটরিতে অনুষ্ঠিত হয়।


প্রশিক্ষণের প্রমাণক হিসেবে প্রশিক্ষণ আয়োজনের পত্র এবং প্রশিক্ষণে অংশগ্রহণকারী কর্মকর্তা-কর্মচারীদের উপস্থিতি সংযুক্ত করে প্রেরণ করা হলো।

**[২.২] সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজনঃ**

গত ২২/০৬/২০২২ খ্রিঃ তারিখ বিকাল ৩.০০ ঘটিকায় প্রশাসনিক ভবনের সম্মেলন কক্ষে (দ্বিতীয় তলা) সেবা প্রদান বিষয়ে অংশীজনদের সমন্বয়ে একটি অবহিতকরণ সভা আয়োজন করা হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট (বিএলআরআই)-এর মহাপরিচালক ড. এস এম জাহাঙ্গীর হোসেন। সভায় উপস্থিত ছিলেন ইনস্টিটিউটের পরিচালক (গবেষণা), সকল বিভাগীয় প্রধান, সকল প্রকল্প পরিচালক, সকল আঞ্চলিক কেন্দ্রের সাইট-ইনচার্জ এবং এপিএ পরিবীক্ষণ কমিটির সদস্যবৃন্দ।

প্রমাণক হিসেবে সভা আহ্বানের পত্র ও সভায় অংশগ্রহণকারীদের উপস্থিতি সংযুক্ত করে প্রেরণ করা হলো।

  
০৭/০৭/২২  
দেবজ্যোতি ঘোষ  
তথ্য কর্মকর্তা  
বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট  
সাভার, ঢাকা।

  
০৭/০৭/২২  
(মোঃ আজহারুল আমিন)  
অতিরিক্ত পরিচালক  
বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট  
ও  
আস্বায়ক  
সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি  
ফোনঃ ০২২২৪৪৯১৬৭৩  
ই-মেইলঃ ad@blri.gov.bd